STEPPING STONE
SCHOOL (HIGH)

**CLASS : X**

**Subject: Bengali(2L)** **Date:26.06.20**

**Topic:**চাঁদের পাহাড়
অধ্যায় - ১২(প্রশ্নোত্তর)

**Time Limit: 60 Minutes**

***Worksheet No. : 23***

নির্দেশিকা :

1.এবার থেকে স্কুলের কাজ স্কুলের নামাঙ্কিত খাতায় করা বাধ্যতামূলক।

2.বাংলার জন্য নির্ধারিত দুটি খাতা। অপেক্ষাকৃত বেশি মোটা খাতায় (6.*No* )সাহিত্য বিভাগের অর্থাৎ সংকলিতা-গল্প এবং চাঁদের পাহাড় বই দুটি থেকে দেওয়া যাবতীয় তথ্য ও প্রশ্নোত্তর লিখতে হবে ।

3.কালো কালিতে (**Black Ink** )লেখা বাধ্যতামূলক।

4.খাতার প্রথমে সূচীপত্র (**Index** ) তৈরী করা বাধ্যতামূলক ।

প্রশ্ন ১। 'দুপা এগিয়েই সে চমকে উঠল।'

(ক) 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) সে কেন চমকে উঠল? এই নরকঙ্কালটি কার?

(গ) যা দেখে সে চমকে ওঠে তার বিবরণ দাও।

(ঘ) চমকে ওঠার আগে সে কী দেখেছিল? ২+২+৩+৩

উত্তর। (ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'চাঁদের পাহাড়' উপন্যাসের নায়ক শঙ্করকে 'সে' বলে বোঝানো হয়েছে।

(খ) গুহার দেওয়ালের ধার ঘেঁষে শায়িত একটা নরকঙ্কাল দেখে সে চমকে ওঠে। এই নরকঙ্কালটি আত্তিলিও গাত্তির।

(গ) শঙ্কর দেখল নরকঙ্কালটির মুন্ডু দেওয়ালের দিকে ফেরানো। কঙ্কালের আশেপাশে কালো কালো থলে-ছেঁড়ার মতো জিনিস বোধহয় সেগুলি পশমের কোটের অংশ। একপাশে একটা মরচে পড়া বন্দুক। দুখানা বুটজুতো তখনো কঙ্কালের পায়ে লাগানো রয়েছে।

(ঘ) চমকে ওঠার আগে শঙ্কর গুহার মধ্যে ঢুকে টর্চের আলোয় দেখল গুহাটি ছোটো, বেশ একটা ঘরের মতো। মেঝেতে অসংখ্য ছোটো ছোটো পাথর ছড়ানো। গুহার এককোণে একটা ছোট্ট কাঠের পিপে। পিপের পাশে একটা ছিপি-আঁটা বোতল, তার মধ্যে একটা কাগজ।

প্রশ্ন ২। 'অদ্ভুত পরিত্রাণ! সবদিক থেকে।'

(ক) কে পরিত্রাণ পায়? 'পরিত্রাণ' শব্দের অর্থ কী?

(খ) এই পরিত্রাণকে অদ্ভুত বলা হয়েছে কেন?

(গ) কীভাবে পরিত্রাণ পায়?

(ঘ) 'সব দিক থেকে' বলার অর্থ কী? ২+২+৩+৩

উত্তর। (ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'চাঁদের পাহাড়' উপন্যাসের নায়ক শঙ্কর পরিত্রাণ পায়। পরিত্রাণ শব্দের অর্থ রক্ষা পাওয়া।

(খ) এই পরিত্রাণকে অদ্ভুত বলা হয়েছে, তার কারণ সাপটা ছোবল মারতে মাত্র এক সেকেন্ড দেরি করে। এই দেরিটুকু না করলে শঙ্কর গুলি করার সুযোগ পেত না এবং তার মৃত্যু অনিবার্য ছিল। অথচ সে অদ্ভুতভাবে মৃত্যুর হাত থেকে রক্ষা পেল।

(গ) শঙ্কর গুহার মধ্যে প্রবেশ করে যে পিপেটা দেখে, সেটাতে কী আছে দেখবার জন্য যেই নাড়িয়েছে অমনি তার নীচে থেকে একটা সাপের ফোঁস ফোঁস শব্দ শুনে তার শরীরের রক্ত ঠান্ডা হয়ে গেল। নিমেষের মধ্যে একটা বিষধর স্যান্ডভাইপার সাপ মাটি থেকে হাত তিনেক উঁচু হয়ে ঠেলে উঠে ছোবল মারার চেষ্টা করল। তবে সাপটা এক সেকেন্ড দেরি করেছিল বলে শঙ্কর তাকে সঙ্গে সঙ্গে গুলি করে মারে। পুরো পাঁচ হাত লম্বা সাপটার মাথা ছিন্নভিন্ন হয়ে যায়। এইভাবে শঙ্কর পরিত্রাণ পেল।

(ঘ) পিপেটার মধ্যে তখনও অল্প জল ছিল। সেই জল দুর্গন্ধযুক্ত, কালো কালির মতো। তবু সেই জল পান করে শঙ্কর তেষ্টা নিবারণ করল। একদিকে সাপের হাত থেকে রক্ষা পাওয়া, অপর দিকে জল পান করে প্রাণ বাঁচানো। দুদিক থেকেই সে রক্ষা পেল বলে বলা হয়েছে, 'সব দিক থেকে।'

**প্রশ্ন ৩। 'আমার মৃত্যু নিকট। আজই আমার শেষ রাত্রি।'**

**(ক) বক্তা কে? তার এই জবানবন্দী কোথায় পাওয়া যায়?**

**(খ) বক্তার পরিচয় দাও।**

**(গ) কেন বক্তার মৃত্যু নিকট?**

**(ঘ) বক্তা কী অনুগ্রহ কামনা করে?** ২+২+৩+৩

**উত্তর।** (ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'চাঁদের পাহাড়' উপন্যাসে উল্লিখিত হিরার খনি সন্ধানকারী আত্তিলিও গাত্তি এই উক্তির বক্তা।

তার এই জবানবন্দী একটি কাগজে লিখে একটা ছিপি আঁটা বোতলে রাখা ছিল ।

(খ) আত্তিলিও গাত্তি ইতালির ফ্লোরেন্সের গাত্তি বংশে জন্মগ্রহণ করে। মৃত্যুর সময় তার বয়স হয়েছিল ২৬। সে রোম ও পিসা বিশ্ববিদ্যালয়ে থেকে উচ্চশিক্ষা লাভ করেছিল। সে সান্টা কস্টালিনার সামরিক বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিল। তার একদা পূর্বপুরুষ ছিলেন বিখ্যাত নাবিক ডিওলিনো কাভালকান্তি।

(গ) আত্তিলিও গাত্তির বংশগত নেশা ছিল সমুদ্র-অভিযান। একবার ডাচ ইন্ডিজ যাবার পথে পশ্চিম আফ্রিকার উপকূলে জাহাজ ডুবি হয়। তারা সাতজন প্রাণে বেঁচে জঙ্গলের মধ্যে শেফুজাতির এক গ্রামে আশ্রয় নেয়। সেখানে তারা হিরের খনির গল্প শুনে সেই খনি আবিষ্কারের জন্য আফ্রিকার জঙ্গলে অভিযান করে। শেষ পর্যন্ত সে হিরের খনি আবিষ্কার করে এবং সঙ্গীদের সেই কথা জানায়। তখন তার সঙ্গীরা মনে করে তাদের বুঝি ফাঁকি দিয়ে সব হিরে আত্তিলিও নিজে নিয়ে নেবে। তারপর তারা তাকে ছুরি নিয়ে আক্রমণ করে। আত্মরক্ষার্থে আত্তিলিও-ও ছোরা নিয়ে ওদের পাল্টা আক্রমণ করে। ফলে চারজনের-ই মৃত্যু হয়। আর তার তলপেটে ছুরির আঘাতের ক্ষত বিষিয়ে ওঠে। সেই কারণে তার মৃত্যু অনিবার্য।

(ঘ) আত্তলিও তার লিপিতে কামনা করে যে, যে সভ্যমানুষ তার ঘটনা জানতে পারবে সে যেন তাকে খ্রিস্টান-রীতিতে কবর দেয়।

[redacted]

প্রশ্ন ৫। 'এই মরুভূমিতেই তার শেষ, এই বীর ইতালিয়ান যুবকের মতো।'

(ক) 'তার' বলতে কাকে বোঝানো হয়েছে? এই বীর ইতালিয়ান যুবক কে?

(খ) এই ইতালিয়ান যুবকের শেষকৃত্য কীভাবে হয়?

(গ) এই মরুভূমিতে আর কে কে শেষ হয়েছে?

(ঘ) তার কেন এই কথা মনে হয়েছে? ২+২+৩+৩

উত্তর। (ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'চাঁদের পাহাড়' নামক উপন্যাসের নায়ক শঙ্করকে 'তার' বলে বোঝানো হয়েছে।

এই বীর ইটালিয়ান যুবক আত্তিলিও গাত্তি।

(খ) শঙ্কর গুহার মধ্যে আত্তিলিওর নরকঙ্কাল সমাধিস্থ করে। পিপে ভেঙে তার দুচারটে মরচে ধরা পেরেক দিয়ে ক্রুশ তৈরি করে সমাধির ওপর পুঁতে দেয়।

(গ) আফ্রিকার রিখটারসভেল্ড রেঞ্জে হিরের খনি আবিষ্কারের জন্য হয়তো অনেক অভিযাত্রী অভিযান করে সফল না হয়ে শেষ হয়েছে। বিভূতিভূষণের 'চাঁদের পাহাড়' -এ উল্লিখিত হয়েছে হিরে সন্ধানকারী জিম কার্টার, দিয়েগো আলভারেজ শেষ হয়েছে।

(ঘ) দিয়েগো আলভারেজের সঙ্গে পরিচিত হওয়ার পর শঙ্কর তার সঙ্গে হিরের খনি আবিষ্কারের অভিযান করে। গভীর অরণ্যের মধ্য দিয়ে যাবার সময় আলভারেজ হঠাৎ এক ভয়ংকর জানোয়ার দ্বারা নিহত হয়। তখন শঙ্কর স্থির করে তার একার পক্ষে অভিযান সম্ভব নয়। অভিযান পরিত্যাগ করে সে জঙ্গল ছেড়ে সভ্য অঞ্চলে হাঁটা শুরু করে। কিন্তু দিগভ্রষ্ট হয়ে সে শুধু জঙ্গলের মধ্যে ঘুরতে থাকে। তারপর কালাহারি মরুভূমিতে এসে পড়ে। এখানে এসে তার ধারণা হয় সে আর ফিরতে পারবে না। আত্তিলিও গাত্তির মতো তাকেও এই মরুভূমিতেই মৃত্যুবরণ করতে হবে। বস্তুত, দিগভ্রষ্ট হয়ে ক্ষুধায় তৃষ্ণায় অবসন্ন হয়ে তার এই কথা মনে হয়েছে।